হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

**ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ- ২০২০)**

স্মারক নং-হাবিপ্রবি/একা/৩৩৭৫ তারিখ- ১৮/০৯/২০১৯ ইং

- ২০১৮ ও ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থীরা শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। ২০১৬ সালের পূর্বে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের অযোগ্য।
- প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় গ্রেড পদ্ধতিতে ৫ এর স্কেলে প্রতিটিতে কমপক্ষে জিপিএ ৩.৫ সহ মোট জিপিএ ৭.০ থাকতে হবে। এগ্রিকালচার, ফিসারিজ ও ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদের ক্ষেত্রে চতুর্থ বিষয়ে ন্যুনতম ‘C’ গ্রেড থাকতে হবে। বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড থাকতে হবে।
- ‘O’ এবং ‘A’ লেভেল পাশকৃতদের জন্য ‘O’ লেভেলে পাঁচটি বিষয়ে প্রত্যেকটিতে কমপক্ষে ‘B’ গ্রেড এবং ‘A’ লেভেলে পদার্থ, রসায়ন, গণিত, জীববিজ্ঞান/কৃষি বিজ্ঞানের মধ্যে তিনটি বিষয়ে প্রত্যেকটিতে কমপক্ষে ‘C’ গ্রেড পেতে হবে।

**১। অনুষদ সম্পর্কীয় বিবরণ ঃ**

| ইউনিট | অনুষদ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাশকৃত বিষয় | ডিগ্রী | আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| A | ১। এগ্রিকালচার | পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান এবং গণিত/কৃষি বিজ্ঞান। | বি.এসসি এজি (অনার্স) | ৩৭৫ |
| | ২। ফিসারিজ | | বি.এসসি ফিসারিজ (অনার্স) | ১১০ |
| | ৩। ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স | | ডিভিএম | ১০০ |
| B | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | পদার্থ, গণিত ও রসায়ন। | বি.এসসি.( ইঞ্জিনিয়ারিং) ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৭০ |
| | | | বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৭০ |
| | | | বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৭০ |
| | ইঞ্জিনিয়ারিং | | বি.এসসি. ইন ফুড এন্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | | | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | | | বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৫০ |
| | | | বি.এসসি. ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৫০ |
| | ইঞ্জিনিয়ারিং (আর্কিটেকচার) | | ব্যাচেলর অব্ আর্কিটেকচার | ৩৫ |
| | বিজ্ঞান | | বি.এসসি. (অনার্স) রসায়ন | ৭৫ |
| | | | বি.এসসি. (অনার্স) পদার্থ | ৭৫ |
| | | | বি.এসসি. (অনার্স) গণিত | ৮০ |
| | | | বি.এসসি. (অনার্স) পরিসংখ্যান | ৮০ |
| C | বিজনেস স্টাডিজ | **ব্যবসায় শিক্ষা গ্রুপঃ** একাউন্টিংসহ অন্য যেকোন ২ টি ঐচ্ছিক বিষয়। **বিজ্ঞান গ্রুপঃ** পদার্থ, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান/কৃষিবিজ্ঞান। **মানবিক গ্রুপঃ** মানবিক বিভাগের বিষয়সমূহ। | বি.বি.এ. ইন একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম্স | ৭০ |
| | | | বি.বি.এ. ইন ফিন্যান্স | ৭০ |
| | | | বি.বি.এ. ইন ম্যানেজমেন্ট | ৭০ |
| | | | বি.বিএ. ইন মার্কেটিং | ৭০ |
| D | সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস | সকল গ্রুপের (বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক) ছাত্র/ছাত্রীর জন্য প্রযোজ্য | বি.এ (অনার্স) ইংরেজী | ১০৫ |
| | | | বি.এস.এস (অনার্স) অর্থনীতি | ১০৫ |
| | | | বি.এস.এস (অনার্স) সমাজ বিজ্ঞান | ১০৫ |
| | | | বি.এস.এস (অনার্স) ডেভেলপমেন্ট স্টাডিজ | ৫০ |
| | | | সর্বমোট= | ২০০৫ |

২। **মোট আসনের অতিরিক্ত হিসেবে** মুক্তিযোদ্ধা কোটায় ৫%, আদিবাসী/উপজাতিদের জন্য ১%, প্রতিবন্ধী কোটায় ১জন। এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের জন্য ১%, সরকারী নির্দেশনা মোতাবেক শুধুমাত্র বিকেএসপি থেকে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ করা ছাত্র-ছাত্রীদের মধ্যে থেকে মোট ৫ টি আসন এবং বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য মোট ৮০ টি আসন সংরক্ষিত থাকবে।

৩। **ভর্তি পরীক্ষার ফি: প্রত্যেক ইউনিটের জন্য ৫০০/-(পাঁচশত টাকা)।**

৪। **আবেদন ২৫/০৯/২০১৯ তারিখ হতে ২৪/১০/২০১৯ তারিখ পর্যন্ত** অনলাইনে (online) অথবা মোবাইল থেকে SMS এর মাধ্যমে করতে হবে।

৫। **আবেদনের প্রক্রিয়া: প্রতিটি ইউনিটের জন্য আলাদা আলাদা আবেদন পত্র দাখিল করতে হবে।**

**অনলাইনের (online) মাধ্যমেঃ** হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.hstu.ac.bd/admission) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করা হলে তখনই প্রার্থীর জন্য একটি বিল নাম্বার (Bill Number) তৈরী হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

৬। **আবেদন ফি প্রদানের নিয়মাবলী ঃ**

ক) প্রতিটি ইউনিটের জন্য মোবাইল ব্যাংকিং সিস্টেম রকেট, বিকাশ বা শিওর ক্যাশের মাধ্যমে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকা জমা দিতে হবে। রকেটের মাধ্যমে ফি জমা দানের সময় Biller ID 373 ব্যবহার করতে হবে। শিওর ক্যাশের মাধ্যমে ফি জমা দানের সময় পেমেন্ট কি-ওয়ার্ডের স্থলে HSTUF লিখতে হবে। Payment প্রদানের বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ) Payment সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষনিক একটি SMS আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে; কেননা Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে **admission@hstu.ac.bd** এ যোগাযোগ করতে হবে।

৭। **প্রবেশপত্র ডাউনলোডঃ**

ক) আবেদনকারীগণ আগামী ০১/১১/২০১৯ তারিখ থেকে ০১/১২/২০১৯ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.hstu.ac.bd/admission)** থেকে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। প্রবেশপত্র ডাউনলোডের পূর্বে আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফ্ট কপি (JPG format, ফাইল সাইজ ৫০ কিলো বাইটের মধ্যে) আপলোড করতে হবে। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের দুই (০২) কপি ছবি পরীক্ষার দিন সঙ্গে আনতে হবে।

খ) প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজ অফসেট পেপারে প্রিন্ট করে নিয়ে আসতে হবে। ভর্তি পরীক্ষা চলাকালীন সময়ে দায়িত্বরত পরিদর্শকের সম্মুখে Student's Signature এর উপরে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। প্রবেশপত্র ব্যাতীত কোন আবেদনকারীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৮। ভর্তি সংক্রান্ত বিষয়ে অন্য কোন তথ্য জানতে চাইলে ***০১৭২৯২৬৬২৪৪, ০১৭২৯২৬৬২৪৫, ০১৭২৯২৬৬২৪৬*** হটলাইনে এবং **admission@hstu.ac.bd** তে যোগাযোগ করা যাবে।

৯। **ভর্তি পরীক্ষার তারিখঃ** ০২/১২/২০১৯ থেকে ০৪/১২/২০১৯ **পর্যন্ত (বিস্তারিত পরবর্তীতে** ওয়েবসাইটে **জানানো হবে)।**

১০। **ভর্তির তারিখঃ** পরবর্তীতে ওয়েবসাইটে জানানো হবে।

১১। **প্রশ্নপত্র:** প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে ইংরেজী মাধ্যমে পরীক্ষা দিতে চাইলে ২০/১১/২০১৯ ইং তারিখের মধ্যে ৫০০ টাকা ফি সহ নিম্নস্বাক্ষরকারীর কাছে লিখিত আবেদন করতে হবে।

১২। **পরীক্ষা পদ্ধতি:** ভর্তি পরীক্ষা বহু নির্বাচনী পদ্ধতিতে (MCQ) অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। উত্তরপত্র শীটে বিশেষ কোটার জন্য নির্ধারিত বৃত্ত পূরণ করতে হবে।

১৩। **ভর্তি পরীক্ষার নম্বর ও মূল্যায়ন:** ১৫০ নম্বরের (শুধুমাত্র ব্যাচেলর অব্ আর্কিটেকচার এর জন্য ২০০ নম্বর) উপর মেধাস্কোর করে প্রার্থী নির্বাচন করা হবে। তন্মধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর (MCQ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত গ্রেড অনুসারে যথাক্রমে ৪০% ও ৬০% = ৫০ নম্বর (মোট ১৫০ নম্বর) থাকবে। ব্যাচেলর অব্ আর্কিটেকচারের জন্য অতিরিক্ত ৫০ নম্বরের মুক্ত হস্তে Drawing সহ মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধাস্কোর করা হবে। উল্লেখ্য যে ড্রইং পরীক্ষায় পাশ- নম্বর হিসাবে কমপক্ষে ১০ পেতে হবে।

**১৪। ইউনিট ভিত্তিক লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন ঃ**

| ইউনিট | পরীক্ষার বিষয় | নম্বর | ইউনিট | পরীক্ষার বিষয় | নম্বর | ইউনিট | পরীক্ষার বিষয় | নম্বর | ইউনিট | পরীক্ষার বিষয় | নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| A | পদার্থ | ২৫ | B | পদার্থ | ২৫ | C (ব্যবসায় শিক্ষা) | বিজনেস পলিসি এন্ড ম্যানেজমেন্ট | ২৫ | C (বিজ্ঞান/ মানবিক) | বাংলা | ৪০ |
| | রসায়ন | ২৫ | | রসায়ন | ২৫ | | একাউন্টিং | ২৫ | | ইংরেজী | ৪০ |
| | জীব বিজ্ঞান | ২৫ | | গণিত | ২৫ | | ইংরেজী | ২৫ | | সাধারন জ্ঞান | ২০ |
| | ইংরেজী | ২৫ | | ইংরেজী | ২৫ | | সাধারন জ্ঞান | ২৫ | | মোট =১০০ | |
| | মোট =১০০ | | | মোট =১০০ | | | মোট =১০০ | | | | |

| ইউনিট | পরীক্ষার বিষয় | নম্বর | |
|---|---|---|---|
| D | বাংলা | ২৫ | আর্কিটেকচার বিষয়ের ক্ষেত্রে অতিরিক্ত ৫০ নম্বরের ড্রয়িং পরীক্ষা থাকবে |
| | ইংরেজী | ৫০ | |
| | সাধারন জ্ঞান | ২৫ | |
| | মোট=১০০ | | |

**১৫। বিশেষ নির্দেশাবলী :**

ক) ভর্তি পরীক্ষায় সকল ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস (যেমন- ঘড়ি, ক্যালকুলেটর, মোবাইল ফোন ইত্যাদি) নিয়ে পরীক্ষা হলে প্রবেশ করা সম্পূর্নরূপে নিষিদ্ধ।

খ) সকল প্রকার ইউনিট এবং সকল প্রকার কোটায় ভর্তির জন্য পরীক্ষায় ন্যুনতম ৩৫ নম্বর পেতে হবে। তাহলে শুধুমাত্র মেধাস্কোর নির্বাচনে বিবেচিত হবে।

গ) বিভিন্ন অনুষদের বিভিন্ন বিষয়ে পছন্দক্রম ফরম ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ভর্তির পূর্বে অবশ্যই অনলাইনে পূরণ করতে হবে। নতুবা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

ঘ) **'C'** ইউনিটের ক্ষেত্রে মোট আসনের ৬০% বাণিজ্য এবং ৪০% বিজ্ঞান/মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে।

ঙ) ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.hstu.ac.bd/admission) যথাসময়ে প্রকাশ করা হবে। মোবাইল ফোন ব্যবহার করেও তথ্য জানা যাবে।

চ) ভর্তি পরীক্ষার আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমানিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে।

ছ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত যে কোন আইন সংশোধন, সংযোজন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

**বি. দ্র. বর্তমানে আবাসিক হলসমূহে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীকে আবাসন সুবিধা দেয়া যাবে না।**

**প্রফেসর ডা. মো. ফজলুল হক**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
সচিব, ভর্তি কমিটি-২০২০
ফোন: ০৫৩১-৬১৩৫৫ (অফিস)